গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
কর-১ শাখা
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.৩৬৩

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **বিসিএস (কর) একাডেমি, ঢাকার সাংগঠনিক কাঠামোভুক্ত ১৩তম হতে ২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০২২.৩২.০০৫৯.২৬.১১৮, তারিখঃ ০৯/০৯/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিসিএস (কর) একাডেমি, ঢাকার সাংগঠনিক কাঠামোভুক্ত সরাসরি পন্থায় নিয়োগযোগ্য ১৩তম হতে ২০তম গ্রেডের ১৯ (উনিশ) টি শূন্য পদে (নিম্নোক্ত ছকের ৭নং কলামে বর্ণিত) জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	অনুমোদিত পদের সংখ্যা	সরাসরি পন্থায় নিয়োগযোগ্য পদের সংখ্যা	সরাসরি পূরণকৃত পদের সংখ্যা	সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের সংখ্যা	১০% সংরক্ষণকৃত পদের সংখ্যা	ছাড়পত্র প্রদানকৃত পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
কম্পিউটার অপারেটর, গ্রেড-১৩, ২৪,০০০-৫৮,০০০/-	১	১	-	১	-	১ টি
স্টোর কিপার, গ্রেড-১৩, ২৪,০০০-৫৮,০০০/-	১	১	-	১	-	১ টি
মেডিকেল সহকারী, গ্রেড-১৩, ২৪,০০০-৫৮,০০০/-	১	১	-	১	-	১ টি
সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৩, ২৪,০০০-৫৮,০০০/-	৩	১	-	১	-	১ টি
সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪, ২৩,৫০০-৫৬,৮০০/-	১৪	১৪	৫	৯	০.৯ বা ১টি	৮ টি
উচ্চমান সহকারী, গ্রেড-১৪, ২৩,৫০০-৫৬,৮০০/-	২	১	-	১	-	১ টি
মোয়াজ্জিন, গ্রেড-১৫, ২২,৮০০-৫৫,২০০/-	১	১	-	১	-	১ টি
গাড়িচালক, গ্রেড-১৬, ২১,৯০০-৫২,৯০০/-	৯	৯	৬	৩	-	৩ টি
অফিস সহায়ক, গ্রেড-২০, ২০,০০০-৪৮,৪০০/-	১৯	১৯	১৭	২	-	২ টি
মোট=	৫১টি	৪৮টি	২৮টি	২০টি	১টি	১৯ টি

<u>শর্তসমূহ</u>:

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
(খ) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে। ছাড়পত্রের আদেশ প্রাপ্তির পর জারিকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে এই বিভাগে যোগাযোগ করে/ওয়েবসাইটে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদ পূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোন জটিলতা সৃষ্টি হলে সেক্ষেত্রে প্রস্তাব প্রেরণকারী দায়ী থাকবে;
(গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি গ্রেডের পদের বিপরীতে মঞ্জুরীকৃত সরাসরি নিয়োগযোগ্য পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে; এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(ঘ) নিয়োগবিধি/নিয়োগ যোগ্যতার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৮.২০.১৬৯ নম্বর স্মারকের স্পষ্টীকরণ আদেশ অনুসরণ করতে হবে;
(ঙ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২৪৯, তারিখঃ ১৯ অক্টোবর ২০২১ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৪(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১(এক) বৎসর এবং উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে

হবে। উক্ত পরিপত্রের ৪(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১(এক) বৎসর এবং উক্ত পরিপত্রের ৩(খ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
(চ) ছাড়কৃত পদগুলো পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে; এবং
(ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সেখানে প্রেরণের লক্ষ্যে ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১০ (দশ) দিনের মধ্যে নির্ধারিত ছকে তথ্য এই বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।
(জ) সাংগঠনিক কাঠামোভুক্ত নন-ক্যাডার পদ স্থায়ীকরণ/পদের মেয়াদ বছরভিত্তিক সংরক্ষণের কার্যক্রম আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।

২৭-০৯-২০২৬
মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ইমেইল : tax1@ird.gov.bd

মহাপরিচালক
বিসিএস (কর) একাডেমি, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.৩৬৩/১ (৯)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
৪। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। যুগ্ম সচিব, কর অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৬। উপসচিব, কর অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৭। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২৭-০৯-২০২৬
মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব